# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬২২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ আশুরার সিয়াম রাখার কারণে মুসলিম ব্যক্তির এক বছরের গোনাহ ক্ষমা করে দেন এবং আরাফার সিয়াম পালন করার কারণে অনুগ্রহ করে দুই বছরের গোনাহ ক্ষমা করে দেন

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْمُسْلِمِ ذُنُوبَ سَنَةٍ بِصِيَامِ يَوْمِ عَاشُورَاءَ وتفضُّله جَلَّ وَعَلَا عَلَيْهِ بِمَغْفِرَةِ ذُنُوبِ سَنَتَيْنِ بِصِيَامِ يَوْمِ عَرَفَةَ

---

আরবী

3622 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ المنهال الضرير حدثنا يزيد ابن زُرَيْعٍ حَدَّثَنَا سَعِيدٌ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ غَيْلَانَ بْنِ جَرِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبَدٍ عَنْ أَبِي قَتَادَةَ: أَنَّ رَجُلًا سَأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ يَوْمَ عَاشُورَاءَ؟ قَالَ: (ذَاكَ صَوْمُ سَنَةٍ) قَالَ: أَرَأَيْتَ رَجُلًا يَصُومُ يَوْمَ عَرَفَةَ قَالَ: (يُكَفِّرُ السَّنَةَ وَمَا قَبْلَهَا)

الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3622 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2096): م.

বাংলা

৩৬২২. আবূ কাতাদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার কী অভিমত ঐ ব্যক্তির ব্যাপারে, যে ব্যক্তি আশুরার সিয়াম পালন করে?” জবাবে তিনি বলেন, “ওটা এক বছরের সিয়াম (এর সমতুল্য)।” সে ব্যক্তি আবারো বলেন, “আপনার কী অভিমত ঐ ব্যক্তির ব্যাপারে, যে ব্যক্তি আরাফার সিয়াম পালন করে?” জবাবে তিনি বলেন, “এটি সেই বছর এবং আগের (এক বছরের) গোনাহ মোচন করে দিবে।” [1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮২৬; সুনান বাইহাকী: ৪/২৮৬; মুসনাদ আহমাদ: ৫/৩০৮; তাহাবী: ২/৭৭; সুনান বাইহাকী: ৪/২৮৬; আবূ দাউদ: ২৪২৬; সহীহ মুসলিম: ১১৬২; তাহাবী: ২/৭২; বাগাবী: ১৭৮৯; মুসনাদ আলী বিন জা‘দ: ১৮১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92958

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন